



ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ

www.uniqueprogressiveschool.com

দশম শ্রেণির নোটিশ

এতদ্বারা ১০ম শ্রেণির ছাত্র/ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০১/১০/২০২৩ ইং তারিখ, রবিবার থেকে নির্বাচনী পরীক্ষা শুরু হবে। সকল ছাত্র/ছাত্রীকে লেখাপড়ায় মনোযোগী হয়ে নির্বাচনী পরীক্ষার প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে। নির্বাচনী পরীক্ষার পূর্বে প্রত্যেক ছাত্র/ছাত্রীকে প্রবেশ পত্র সংগ্রহ করতে হবে। আগামী ২১/০৯/২০২৩ ইং তারিখ, বৃহস্পতিবার থেকে ২৭/০৯/২০২৩ ইং তারিখ, বুধবার পর্যন্ত (শুক্রবার ও সরকারী ছুটির দিন ব্যতিত) সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত প্রবেশ পত্র ২০১ নং কক্ষ থেকে প্রদান করা হবে। প্রবেশ পত্র সংগ্রহের পূর্বে বকেয়াসহ (যদি থাকে) সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর মাসের বেতন ও পরীক্ষার ফি ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করতে হবে। প্রবেশ পত্র সংগ্রহের সময় যাবতীয় পাওনাদি পরিশোধ করা হয়েছে এই মর্মে প্রমাণপত্র স্বরূপ বেতন কার্ড দেখাতে হবে। প্রবেশ পত্র ছাড়া নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করার কোন সুযোগ নেই।

আরো উল্লেখ্য যে, আগামী ২০/০৯/২০২৩ তারিখ থেকে ২৭/০৯/২০২৩ তারিখ পর্যন্ত (শুক্রবার ও সরকারী ছুটির দিন ব্যতিত) প্রতিদিন সকাল ৮টা থেকে বিকাল ৩টা পর্যন্ত বেতন আদায় করা হবে।

(এইচ.এম.আলমগীর)

প্রধান শিক্ষক

ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ